



## উপজেলা পরিক্রমা

### ফেনী সদর

ফেনী, ১৫ জানুয়ারী (সংবাদদাতা)।— ফেনী জেলায় ৫টি উপজেলার অন্যতম ফেনী সদর উপজেলা। এ উপজেলার আয়তন ২৭ বর্গমাইল। লোকসংখ্যা প্রায় ৩ লাখ ১৬ হাজার। এখানে ১৩টি ইউনিয়ন আছে।

**কৃষি**  
এই উপজেলার অধিবাসীর অধিকাংশই কৃষির উপর নির্ভরশীল। এখানে জমির পরিমাণ ৪৪ হাজার ৮শ' ৬৯ একর। এর মধ্যে ১ ফসলী জমি ২৩ হাজার ৬শ' ৮১ একর, ২ ফসলী জমি ১৭ হাজার ৩শ' ৯৯ একর ও ৩ ফসলী জমি ৩ হাজার ৭শ' ৮৯ একর ও সেচের আওতায় ৪ হাজার ৮শ' ৮০ একর। এখানে গভীর ও অগভীর নলাকূপ প্রয়োজনের তুলনায় কম।

**শিক্ষা**  
এ উপজেলায় শিক্ষার হার শতকরা ২৯ ভাগ। প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১২৪টি। হাই স্কুল ২৯টি ও জুনিয়র হাই স্কুল ৭টি। ডিগ্রী কলেজ ১টি, মহিলা কলেজ ১টি, পলিটেকনিক ১টি, শিক্ষক প্রশিক্ষণ কলেজ ১টি, সরকারী মাদ্রাসা ১০টি ও বেসরকারী মাদ্রাসা ২০টি। এসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের স্বল্পতা, গৃহসংস্থান ও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব রয়েছে।

**যোগাযোগ**  
ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ফেনীর প্রাণকেন্দ্রে অবস্থিত। এ উপজেলায় রাস্তার পরিমাণ ৬শ' ৩৪ মাইল। এর মধ্যে ৩৫ মাইল পাকা, ৪ মাইল আধা-পাকা ও ৫শ' ৯৫ মাইল কাঁচা রাস্তা। দীর্ঘদিন সংস্কারের অভাবে পাকা রাস্তাগুলোর মাঝে মাঝে ইট ও পাথর উঠে গেছে। উপজেলা সদরের সাথে

গ্রামগুলোর যোগাযোগের মাধ্যম কাঁচা রাস্তা।

**বিদ্যুৎ**  
এ উপজেলায় ২৩টি গ্রাম বিদ্যুতায়িত হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতি গ্রামে বিদ্যুতায়নের জন্য কাজ করছে। এখানে বিদ্যুৎ সরবরাহের অনিয়ম বিদ্যমান। এতে শিল্পে উৎপাদন ব্যাহত হচ্ছে। ছাত্রছাত্রীদের লেখাপড়াও ব্যাহত হচ্ছে।

**চিকিৎসা**  
এ উপজেলায় ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ১টি, হেলথ ক্লিনিক ১টি, ডিসপেন্সারী ৪টি ও পরিবার পরিকল্পনা ক্লিনিক ৮টি রয়েছে। হাসপাতালে এম্বুলেন্সের সংখ্যা ২টি। তার মধ্যে ১টি অচল। ফলে অনেক মূর্খ রোগীর প্রাণ হারাতে হচ্ছে। প্রয়োজনের তুলনায় ডাক্তারের সংখ্যা কম। উপজেলায় ১টি পশু হাসপাতাল ও ২টি কৃত্রিম পশু প্রজনন কেন্দ্র রয়েছে।

**হাট-বাজার**  
এ উপজেলায় গ্রামীণ হাট ৩০টি ও বাজার ১১টি রয়েছে। এগুলোতে দৈনিক ও সাপ্তাহিক হাট বসে। হাট-বাজার কমিটি থাকলেও বাজার উন্নয়নে তাদের কোন ভূমিকা নেই। হাট-বাজার থেকে নিয়মিত খাজনা আদায় করা হলেও আদায়কৃত অর্থ কিভাবে ব্যয় করা হয় তা জানা যায়নি।

**শিল্প**  
এ উপজেলায় টেক্সটাইল মিলস ১টি, শ্রমিক সংখ্যা ১ হাজার ১৬ জন। জুট মিল ২টি, শ্রমিক সংখ্যা ১শ' জন ও অটো-রাইসমিল ২টি, শ্রমিক সংখ্যা ২শ' জন ও রাইস মিল ২৯টি, শ্রমিক সংখ্যা ২শ' ৫০ জন। এছাড়া বিসিক-এর অধীনে একটি শিল্প নগরী থাকলেও এখানে তেমন কোন শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেনি।